

“জানা” কথাটির বিভিন্ন অর্থ

জানা কথাটিকে বিভিন্ন অর্থে ব্যবহার করা হয়। মূলতঃ তিনটি প্রধান অর্থে এই শব্দটির ব্যবহার হয়ে থাকে।

প্রথমতঃ, জানা কথাটিকে পরিচিতি অর্থে ব্যবহার করা যেতে পারে। উদাহরণ হিসেবে বলা যায়- “তুমি কি রামকে চেনো ?” অর্থাৎ “তোমার কি রামের সাথে পরিচয় আছে ?” অথবা, “ তোমার কি রামের সাথে সাক্ষাৎ হয়েছে ?” ইত্যাদি।

দ্বিতীয়তঃ, জানা কথাটিকে ‘কিভাবে জানি ?’ অর্থেও ব্যবহার করা যায়। যেমন- “তুমি কি ঘোড়ায় চড়তে জানো ?” , “তুমি কি তাতাল চেনো ?” ‘কিভাবে জানি’ বলতে আসলে কোনো কাজের সামর্থকে বোঝায়। “তুমি কি ঘোড়ায় চড়তে জানো ?” বলতে “ঘোড়ায় চড়ার সামর্থ তোমার আছে কি না” -তা জানতে চাওয়া হয়েছে। তুমি যদি আমাকে ঘোড়ায় চড়তে দেখো, তাহলে তুমি নিশ্চিতভাবে জানতে পারবে যে, আমি জানি কিভাবে ঘোড়ায় চড়তে হয় ?

তৃতীয়তঃ, জানা কথাটির সবচেয়ে বেশি ব্যবহার হয় যে অর্থে তা হল- বাচনিক অর্থ, অর্থাৎ জানা বলতে বাচনিক জ্ঞানকে বোঝায়। যেমন -“আমি জানি যে.....”। “আমি জানি যে, আমি এখন বই পড়ছি”, “আমি জানি যে, আমি ভারতীয় নাগরিক” ইত্যাদি।

জানা কথার তিনটি অর্থের মধ্যেই সম্বন্ধ আছে।

Aparajita Kundu

Department of Philosophy